কালের কণ্ঠ

তারিখ 31 MAR 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদলের মিছিলে পুলিশের লাঠিপেটা

## সোনারগাঁয় ১০ নেতাকর্মী আহত

সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি ▷

সোনারগাঁর মেঘনা সেতুর টোলপ্লাজা এলাকায় গতকাল বুধবার সন্ধ্যায় ছাত্রদলের মিছিলে পুলিশের লাঠিপেটায় অন্তত ১০ জন আহত হয়েছে।

নেতাকর্মীরা জানায়, গতকাল বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর একটি মামলায় ঢাকার আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন। আদালত জামিন নামঞ্জুর করে তাঁকে জেলখানায় পাঠানোর নির্দেশ দেন। এর প্রতিবাদে নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের নেতাকর্মীরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনা টোলপ্লাজা এলাকায় বিক্ষোভ মিছিল বের করে। মিছিলে পুলিশের লাঠিপেটায় জেলা ছাত্রদল নেতা খাইরুল ইসলাম সজিব, উপজেলা ছাত্রদল নেতা মুকবুল হোসেন, ফরিদ মিয়া, সোহেল মিয়া, নিপুন মিয়া, মোহন মিয়া, ইয়ামিন মিয়াসহ ১৫ নেতাকর্মী আহত হয়। তাদের সোনারগাঁ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে। খাইরুল ইসলাম সজিব বলেন, 'শান্তিপূর্ণ মিছিলে পুলিশ লাঠিপেটা করে ছাত্রদলের ১০ কর্মীকে আহত করেছে।' সোনারগাঁ থানার পরিদর্শক (তদন্ত) হারুনুর রশিদ জানান, ছাত্রদল নেতারা মহাসড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ মিছিল করার চেষ্টা চালালে পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দেয়।